



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.১৮/১৪৪৬

তারিখ : ১৭/০৫/২০২২ খ্রি.

বিষয় : আইডিয়াল কলেজ, সেন্ট্রাল রোড, ঢাকা এর অধ্যক্ষ ও অপর দুই জন শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের বিষয়ে ব্যাখ্যা দাখিলকরণ সংক্রান্ত।

সূত্র : (১) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৫.১০২৮(৪) তারিখ : ০৪/০৪/২০২২ খ্রি.

(২) স্মারক নং মাউশি/ঢাঅ/তদন্ত/২০১৭/১৯০০ তারিখ : ২১/০৪/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একাত্তর টিভি ও যমুনা টিভিতে আইডিয়াল কলেজ, ধানমন্ডি, ঢাকা এর অধ্যক্ষের পিএইচডি ডিগ্রি ভুয়া, ড্রেস ক্রয়ে অর্থ আদায়, বিভিন্ন আর্থিক অনিয়ম ও অন্য দুইজন শিক্ষকের একাডেমিক সনদ ভুয়া এবং ০২/০৪/২০২২ খ্রি. তারিখে হঠাৎ করে কলেজের একাডেমিক কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্ভূত নেতিবাচক পরিস্থিতির বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে তদন্ত করা হয়। তদন্ত কর্মিটির পর্যবেক্ষণ, মতামত ও সুপারিশ বিশ্লেষণ করে দেখা যায় যে, কলেজের অধ্যক্ষ জনাব জসিম উদ্দীন আহমেদ, জনাব তৌফিক আজিজ চৌধুরী ও জনাব তরুণ কুমার গাঙ্গুলী তদন্তকাজে অসহযোগিতা করেছেন। তারা তাদের পিএইচডি ডিগ্রি অর্জন সম্পর্কিত প্রশ্নোত্তর ও প্রমাণক সরবরাহ করেননি। কলেজের শিক্ষকমন্ডলীর বক্তব্যেও তাদের পিএইচডি ডিগ্রি অর্জন সম্পর্কে নেতিবাচক মন্তব্য রয়েছে। এতে প্রচারিত প্রতিবেদনের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। উচ্চমাধ্যমিক শিক্ষার্থীদের নিকট হতে কলেজ ড্রেসের কাপড় ও জুতার জন্য বিনা রশিদে টাকা(ছাত্র প্রতি ৩৮০০/-ও ছাত্রীপ্রতি ৪০০০/-এবং স্বাস্থ্য ভালো হলে অতিরিক্ত ৪০০/-) আদায় সম্পর্কে শিক্ষকমন্ডলীর ও শিক্ষার্থীদের বক্তব্য হতে এ সম্পর্কিত প্রচারিত প্রতিবেদনের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। তবে কলেজের অধ্যক্ষ কোন মতামত ও প্রমাণক সরবরাহ করেননি। করোনার সময়ে দুইবছরে ১১ কোটি টাকার সঞ্চয়পত্র ভাঙ্গানোর কথা অধ্যক্ষসহ সকল শিক্ষকমন্ডলী স্বীকার করেছেন। অধ্যক্ষ কলেজের উক্ত টাকা ব্যয় সম্পর্কিত কোন মন্তব্য কিংবা প্রমাণক তদন্তকালে উপস্থাপন কিংবা সরবরাহ করেননি। কলেজের অধ্যক্ষ ২০১৭ সালে যোগদানের পর ১১ জন শিক্ষক এনটিআরসিএ সনদ ব্যতীত নিয়োগ দেওয়া হয়েছে মর্মে অধ্যক্ষসহ সকল শিক্ষকমন্ডলী মৌখিকভাবে স্বীকার করেছেন। নিবন্ধন সনদ ব্যতীত শিক্ষক নিয়োগ দেওয়া বিধি সম্মত হয়নি। অধ্যক্ষ ও শিক্ষক নিবন্ধন ব্যতীত নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ জানান যে, তাদের দক্ষতা যাচাইমূলক পরীক্ষা গ্রহণ করা হয়েছে। এ ক্ষেত্রেও প্রচারিত প্রতিবেদনের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। কলেজের অধ্যক্ষ কর্তৃক শনিবার কলেজ বন্ধের ঘোষণা শুরুর রাত ১.০০ টার দিকে মোবাইল মেসেজের মাধ্যমে শিক্ষার্থীসহ সকলকে জানানো সম্পর্কিত প্রচারিত প্রতিবেদনের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। অধ্যক্ষ তার নিজের নামে কলেজে ডাচ বাংলা ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখা খোলেন এবং আইডিয়াল কলেজের আগে গাজীপুর ও ঢাকার দুইটি কলেজে অধ্যক্ষ থাকার সময়ও তার (জসিম উদ্দিন) বিরুদ্ধে অনিয়মের অভিযোগ ছিল। লিখিত মতামত ও প্রমাণক সরবরাহের অনুরোধ করা হলেও তিনি(অধ্যক্ষ)কোন মতামত ও প্রমাণক সরবরাহ করেননি বিধায় প্রচারিত প্রতিবেদনের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার পর্যবেক্ষণ ও মতামতের বিষয়ে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রমাণকসহ জবাব/ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AKA 17.5.22
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

- (১) সভাপতি, গভর্নিংবডি, আইডিয়াল কলেজ, সেন্ট্রাল রোড, ঢাকা;
- (২) জনাব জসিম উদ্দীন আহমেদ, অধ্যক্ষ, আইডিয়াল কলেজ, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা;
- (৩) জনাব তৌফিক আজিজ চৌধুরী, আইডিয়াল কলেজ, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা;
- (৪) জনাব তরুণ কুমার গাঙ্গুলী, আইডিয়াল কলেজ, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা;